বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সম্প্রসারণ শাখা
www.brdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬২.০০০০.০০০.৫১২.১৬.০০০১.২৬.৩৫ তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

বিষয়: **বৃক্ষ রোপন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও বৃক্ষ পরিচর্যা।**
সূত্র: ডি নথি স্মারক নং- ৪৭.৬২.০০০০.০০০.৫১২.১৬.০০০১.২৬.২৭; তারিখ: ২৫ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ পত্রমূলে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়ন ও বিআরডিবি'র বৃক্ষ রোপন কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বন বিভাগ, স্থানীয় নার্সারী ও অন্যান্য উৎস হতে চারা সংগ্রহপূর্বক উপকারভোগীদের মাঝে প্রশিক্ষণ ও ঋণ বিতরণকালীন চারা বিতরণ কার্যক্রম সম্পন্ন করে তার তথ্য প্রতি ১৫ (পনের) দিন অন্তর অন্তর নির্ধারিত ছক মোতাবেক প্রত্যেক মাসের ১৫ ও ৩০ তারিখ এর মধ্যে জেলার একীভূত নির্ভুল রিপোর্ট প্রণয়নপূর্বক সফটকপি (এক্সেল সিটে) ইউনিকোড (নিকস ফন্টে) ddextension@brdb.gov.bd ই-মেইলে এবং হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর নিয়মিত প্রেরণ ও উপজেলা দপ্তরে চারা বিতরণের তথ্য রেজিষ্টারে সংরক্ষণের জন্য অনুরোধ করা হয়।

উল্লেখ্য, ইতোমধ্যে সকল জেলা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বৃক্ষরোপনের ১৭ ফেব্রুয়ারি/২৬ থেকে ০৬ আগস্ট/২৬ পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী সরকারের বিভিন্ন সংস্থা যে কোন সময়ে উপজেলা পর্যায়ে বৃক্ষরোপণের তথ্যাদি যাচাই ও গাছের সর্বশেষ অবস্থা সরেজমিনে পরিদর্শণ করতে পারেন।

এমতাবস্থায়, বৃক্ষরোপনের বিষয়টি সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট একটি স্পর্শকাতর বিষয় বিধায় তা বাস্তবায়নে সংশ্লিষ্টদের সর্বোচ্চ গুরুত্ব প্রদান পূর্বক উপজেলায় চারা বিতরণের নির্ভুল তথ্য সংরক্ষণ ও বিতরণকৃত চারার পরিচর্যার বিষয়ে সুফলভোগীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১১-০৮-২০২৬
মিজানুর রহমান
যুগ্মপরিচালক (সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প)
(অতিরিক্ত দায়িত্ব)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল)
বিআরডিবি, ............উপজেলা, ........... জেলা।

**স্মারক নম্বর:** ৪৭.৬২.০০০০.০০০.৫১২.১৬.০০০১.২৬.৩৫/১ (৬) তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। যুগ্মপরিচালক, বিআরডিবি, বিভাগীয় কার্যালয়, ...................বিভাগ।

২। উপপরিচালক, জেলাদপ্তর (সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।
৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপপরিচালক (মনিটরিং), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

১১-০৮-২০২৬
মোঃ জহিরুল হক
সহকারী পরিচালক (সম্প্রসারণ)